# একাত্তরের অমীমাংসিত বিষয় এর আগে দুইবার সমাধান হয়েছে:ইসহাক দার



সংগৃহীত ছবি

একাত্তরের অমীমাংসিত বিষয় আগে দুইবার সমাধান হয়েছে বলে মন্তব্য করেছেন পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার। রোববার (২৪ আগস্ট) রাজধানীর একটি হোটেলে অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

১৯৭১ সালের মুক্তিযুদ্ধে গণহত্যাসহ অমীমাংসিত ইস্যুর বিষয়ে সাংবাদিকরা প্রশ্ন তুললে ইসহাক দার জানান, ১৯৭৪ সালের ত্রিপক্ষীয় চুক্তি এবং ২০০২ সালে তৎকালীন প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের ঢাকা সফরে দেওয়া দুঃখপ্রকাশের মধ্য দিয়েই এর সমাধান হয়েছে। তিনি আরও বলেন, “আপনারা আপনাদের হৃদয় পরিষ্কার করুন। আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে।”

এর আগে বৈঠক শেষে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে একটি চুক্তি এবং চারটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়।

শনিবার দুই দিনের সফরে ঢাকা আসেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী। দীর্ঘ একযুগ পর এটাই ছিল পাকিস্তানের কোনো পররাষ্ট্রমন্ত্রীর প্রথম ঢাকা সফর। সফরের প্রথম দিনেই তিনি বিএনপি, বাংলাদেশ জামায়াতে ইসলামি এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাদের সঙ্গে বৈঠক করে ব্যস্ত সময় কাটান।

এর আগে গত ২৭ এপ্রিল ইসহাক দারের ঢাকা আসার কথা থাকলেও ভারতের পেহেলগামে সন্ত্রাসী হামলার পর দেশটির সঙ্গে সীমান্তে উত্তেজনা দেখা দিলে ইসলামাবাদ সফরটি স্থগিত করে।

LENS ASIA